



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল  
([www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd))

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০২৩/৭০৬

তারিখঃ ১৯ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ  
০২ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০২৩ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট(এসএসসি)পরীক্ষার মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, হাজিরা শীট ও আনুষঙ্গিক মালামাল বিতরণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানাচ্ছি যে, ২০২৩ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট(এসএসসি)পরীক্ষার মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, হাজিরা শীট ও MCQ সহ আনুষঙ্গিক মালামাল নিম্নবর্ণিত তারিখে প্রশাসন শাখা হতে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট কেন্দ্রসচিব অথবা তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ) মালামাল গ্রহণ করতে পারবে। হাজিরাশিট ও অন্যান্য মালামাল গ্রহণ করার সময় সেগুলোর সংখ্যা ও হিসাব ভালো করে বুঝে নিতে হবে। পরবর্তী সময়ে সংখ্যাগত কোনো ভুল হলে সেজন্য গ্রহণকারী দায়ী থাকবেন।

বিতরণের সময়সূচিঃ

ক্রঃ নং	জেলার নাম	বিতরণের তারিখ	সময়
১।	পটুয়াখালী, বরগুনা ও ঝালকাঠি	১১/০৪/২০২৩	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
২।	ভোলা ও পিরোজপুর	১২/০৪/২০২৩	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
৩।	বরিশাল	১৩/০৪/২০২৩	সকাল ১০টা থেকে বিকাল ৩টা

বিঃ দ্রঃ ২০২৩ সালের এসএসসি পরীক্ষার প্রবেশপত্র মালামাল বিতরণের সাথে দেয়া হবে। প্রবেশপত্রে কোন ভুল থাকলে সংশোধনের জন্য রেজিস্ট্রেশন কার্ডসহ আগামী ১৮/০৪/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বা তাঁর প্রতিনিধিকে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। উক্ত তারিখের মধ্যে সংশোধন না করলে পরীক্ষা শেষ হওয়ার দিন পর্যন্ত ২০০/- (দুইশত) টাকা হারে জরিমানা প্রদানপূর্বক সংশোধন করা যাবে।

উল্লেখ্য কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অফিস সহকারি অথবা অন্য কাউকে প্রাধিকারপত্র প্রদান করা যাবে না।

উল্লেখ্য পরীক্ষা শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে পরীক্ষার হাজিরাশিট, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বোর্ডে নিয়ে আসতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে প্রতিদিনের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা হারে জরিমানা বোর্ডের এসটিডি হিসাবে জমা দিতে হবে।

 ০২.০৪.২০২৩

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

ফোন: ০২৪৭৮৮৬৪৩৭০

কেন্দ্রসচিব

বরিশাল শিক্ষাবোর্ডের আত্মাধীন সকল এসএসসি পরীক্ষাকেন্দ্র-২০২৩

নোট